সেট : গ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০১৮

বিষয় কোড: ১১১

শ্রেণি: অষ্টম

বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা (বহুনির্বাচনি)

সময়: ৩০ মিনিট　　　　পূর্ণমান: ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসমূহ হতে সঠিক উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। ‘আকিদা’ শব্দের অর্থ কী ?
ক . ভাগ্য　খ . বিশ্বাস　গ . কপটতা　ঘ . সমাপ্ত

২। ইমানের বহিঃপ্রকাশ কী ?
ক. তাওহিদ　খ. ইসলাম　গ. আমল　ঘ . ইলম

৩। মুনাফিকদের কাজ -
i. মানবিকতার বিপরীত
ii. অন্যায় ও অশ্লীল
iii. প্রতারণামূলক
নিচের কোনটি সঠিক?
ক . i ও ii　খ . i ও iii
গ . ii ও iii　ঘ . i, ii ও iii

৪। সাকিব মনে করে কিয়ামত পর্যন্ত আর কোন নবি-রাসুল আসবে না । সে বিশ্বাস করে----
ক . রিসালাতে　খ . তাওহিদে
গ . খতমে নবুয়তে　ঘ . আখিরাতে

৫। শাফাআত সাধারণত কত প্রকার ?
ক . দুই　খ . তিন　গ . চার　ঘ . পাঁচ

৬। বেহেশত চির শান্তির স্থান। কেননা উহাতে থাকবে----
ক . সুন্দর ও আকর্ষণীয় বস্তু
খ . প্রচুর টাকা পয়সা
গ . উত্তম যানবাহন
ঘ . খেলাধুলার উপকরণ

৭। মানুষ দুনিয়া ও আখিরাতে কল্যাণ লাভ করতে পারে কিসের মাধ্যমে?
ক . ইমানদার হওয়া
খ . সংসারে নিমগ্ন থাকা
গ . সংসার ত্যাগ করা
ঘ . বৈরাগ্য গ্রহণ

৮। মহান আল্লাহ সর্বশক্তিমান । কেননা তিনি----
i. কারো মুখাপেক্ষী নন
ii. স্বয়ং সম্পূর্ণ
iii. সার্বভৌম ক্ষমতার অধিকারী
নিচের কোনটি সঠিক ?
ক . i ও ii　খ . i ও iii
গ . ii ও iii　ঘ . i, ii ও iii

৯। আবু হানিফ আল্লাহ ও নবি-রাসুলে বিশ্বাস করে। তার এ বিশ্বাস ইসলামে----
ক . মুস্তাহাব　খ . সুন্নত
গ . ওয়াজিব　ঘ . ফরজ

১০। ধনীদের সম্পদ কখন পবিত্র হয় ?
ক . গরিবের নির্ধারিত অংশ দিয়ে দিলে
খ . গরিবের হক যথাযথভাবে আদায় করলে
গ . গরিবকে পারিশ্রমিক দিয়ে কাজ করালে
ঘ . ঘাম শুকানোর আগে শ্রমিকের পারিশ্রমিক দিলে

১১। জনাব আব্দুল লতিফের ২৫ লক্ষ টাকা আছে। তিনি কত টাকা যাকাত দিবেন?
ক . ৬২,০০০　খ . ৬২,১০০
গ . ৬২,৫০০　ঘ . ৬২,৭০০

১২। ‘হজ’ শব্দের অর্থ কী ?
ক . দৌড়াদৌড়ি করা　খ . ঘোরাফেরা করা
গ . যিয়ারত করা　ঘ . সংকল্প করা।

১৩। বিবি হাজেরা শিশু পুত্রকে পানি পান করিয়েছিলেন-----
i. তাঁর শিশুর প্রাণ বাঁচানোর জন্য
ii. তাঁর নিজের প্রাণ বাঁচানোর জন্য
iii. প্রতিবেশির প্রাণ বাঁচানোর জন্য
নিচের কোনটি সঠিক?
ক . i ও ii　খ . i ও iii
গ . ii ও iii　ঘ . I, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪ ও ১৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
রাফার বাবা সম্প্রতি হজ পালন করেছেন । তাঁর মাথা মুড়ানো দেখে সে বাবাকে প্রশ্ন করে এ কাজ তিনি কেন করেছেন ? রাফার বাবা তাকে বিষয়টি বুঝিয়ে বললেন ।

১৪। রাফার বাবা মাথা কামিয়ে হজের কোন কাজ থেকে মুক্ত হলেন ?
ক . তাওয়াফ　খ . ইহরাম
গ . কুরবানি　ঘ . মিনায় অবস্থান

১৫। রাফার বাবার কাজটি হজের কোন ধরণের বিধান?
ক . মুস্তাহাব　খ . সুন্নত　গ . ওয়াজিব　ঘ . ফরজ

১৬। জনাব মাসুম জিলহজ মাসে ১০-১২ তারিখের মধ্যে একটি গরু জবেহ করে এক-তৃতীয়াংশ দান করে দিলেন। তিনি পালন করলেন----

ক . কুরবানি খ . আকিকা গ . দম ঘ . মানত

১৭। একাগ্রতার সাথে পশু কুরবানি করার ফলে আমরা-

i . মহান আল্লাহর নৈকট্য লাভ করব
ii. অনেক সওয়াব লাভ করব
iii. ত্যাগের শিক্ষা লাভ করব

নিচের কোনটি সঠিক?

ক . i ও ii খ . i ও iii
গ . ii ও iii ঘ . i, ii ও iii

১৮। 'আকিকা' শব্দের অর্থ কী ?

ক . কেটে ফেলা খ . নিয়ম পালন
গ . জোড়া লাগানো ঘ . সোজা করা

১৯। কুরআনের সুরাগুলো দুই ভাগে বিভক্ত। কেননা মহানবি (সা.) -------

ক . দুই যায়গায় অবস্থান করেছিলেন
খ . কুরআনে দুই যায়গার কথা আছে
গ . হাদিসে দুই যায়গার কথা আছে
ঘ . দুটিই প্রধান পবিত্র যায়গা

২০। 'আল-ফুরকান' শব্দের অর্থ কী ?

ক . উপদেশ খ . হিদায়াত
গ . আলো ঘ . পার্থক্যকারী

২১। আল কুরআনে সর্বমোট কয়টি সিজদার আয়াত রয়েছে ?

ক . এগারো খ . বারো গ . তেরো ঘ . চৌদ্দ

২২। পবিত্র আল কুরআনের সকল জ্ঞান ও শিক্ষাই-

i. সু-স্পষ্ট ii. সংক্ষিপ্ত iii. প্রামাণ্য

নিচের কোনটি সঠিক?

ক . i ও ii খ . i ও iii
গ . ii ও iii ঘ . i, ii ও iii

২৩। জনাব আমজাদ তাজবিদ অনুযায়ী পবিত্র কুরআন তিলাওয়াত করেন। তার এ কাজটি ইসলামি বিধানমতে--

ক . ফরজ খ . ওয়াজিব
গ . সুন্নত ঘ . মুস্তাহাব

২৪। ইদগাম কয় প্রকার ?

ক . দুই খ . তিন গ . চার ঘ . পাঁচ

২৫। রাফি মিম সাকিনের নিয়ম শিখেছে । সে মিম সাকিনকে পড়বে-

i. ইযহার করে ii. ইদগাম করে
iii. ইখফা করে

নিচের কোনটি সঠিক?

ক . i ও ii খ . i ও iii
গ . ii ও iii ঘ . i, ii ও iii

২৬। সূরা আল-কুরাইশ পবিত্র আল কুরআনের কততম সূরা ?

ক . ১০৫ খ . ১০৬ গ . ১০৭ ঘ . ১০৮

২৭। আয়াতুল কুরসিতে বর্ণনা করা হয়েছে-

i. মহান আল্লাহর পরিচয়
ii. মহান আল্লাহর ক্ষমতা
iii. মহান আল্লাহর মহিমা

নিচের কোনটি সঠিক?

ক . i ও ii খ . i ও iii
গ . ii ও iii ঘ . i, ii ও iii

২৮। আখলাক কয়ভাগে বিভক্ত ?

ক . দুই খ . তিন গ . চার ঘ . পাঁচ

২৯। শাফি যাবতীয় লোভনীয় কাজ থেকে নিজেকে দূরে রাখে। শাফির চরিত্রে কীসের প্রতিফলন ঘটেছে ?

ক . সমাজ সেবার খ . সত্যবাদিতার
গ . ধৈর্যের ঘ . ভ্রাতৃত্বের

৩০। আল কুরআনের কোন সূরায় বিশ্ব ভ্রাতৃত্বের প্রতি ইংগিত দেওয়া হয়েছে ?

ক . ইয়াসিন খ . আল হুজরাত
গ . আর-রহমান ঘ . আল ওয়াকিয়া

সেট : গ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০১৮

শ্রেণি: অষ্টম

বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল)

বিষয় কোড: ১১১

সময়: ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমান: ৭০

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোন সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। আবির ও সালেহিন আল্লাহর গুণবাচক নামসমূহ নিয়ে আলোচনা করছিল। আবির বলল, মহান আল্লাহর গুণবাচক নাম বলতে কিছুই নেই। এ কথা শুনে সালেহিন বলল, তোমার কথা ঠিক নয়। আল্লাহ তা'য়ালা ও মহানবি (সা.) আল্লাহর পরিচয় সম্পর্কে আমাদেরকে অবহিত করেছেন। সে আরও বলল, 'মহানবি (সা.) হচ্ছেন শেষ নবি ও রাসুল'।
(ক) ইমান কাকে বলে ? ১
(খ) ফেরেস্তাগণের প্রতি বিশ্বাস বলতে কী বোঝায় ? ২
(গ) আবিরের ধারণা ইসলামের কোন বিষয়ের পরিপন্থী ? ব্যাখ্যা কর। ৩
(ঘ) সালেহিনের শেষোক্ত বক্তব্যটি পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। ছোট বোন আশরাফি বলল, 'আমাদের জীবনে যা কিছু ঘটে তা সবই আল্লাহ তা'য়ালা কর্তৃক নির্ধারিত'। বড় বোন রাফা বলল, 'মৃত্যুর পর আল্লাহ রাব্বুল আলামিন আমাদেরকে পুনরায় হিসাব নিকাশের জন্য জীবিত করবেন ও প্রতিদান দিবেন'। উভয়ের বক্তব্য শুনে তাদের মা বললেন, তোমাদের উভয়ের বক্তব্যই সঠিক। এ বিশ্বাস অনুযায়ী কাজ করলে সফলকাম হবে।
(ক) নিফাক কী ? ১
(খ) বারযাখের জীবন ব্যাখ্যা কর। ২
(গ) আশরাফির বক্তব্যে ইসলামের কোন বিশ্বাস ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) রাফার বিশ্বাস চিহ্নিত করে তাদের মায়ের বক্তব্যের যথার্থতা নিরূপণ কর। ৪

৩। জনাব আসগর মিথ্যা বলে প্রতিবেশীর সাথে দ্বন্দ্ব-বিবাদ সৃষ্টি করে, কোন বিষয়ে ওয়াদা করলে তা রক্ষা করে না। তার স্ত্রী শারমিন তাকে বলেন, তোমাকে এহেন কাজের জন্য একদিন আল্লাহর কাছে জবাবদিহি করতে হবে।
(ক) শাফাআত কাকে বলে? ১
(খ) খতমে নবুয়ত বলতে কী বোঝায়? ২
(গ) জনাব আসগর এর আচরণের মাধ্যমে কোন বিষয়টি প্রকাশ পেয়েছে ? ব্যাখ্যা কর। ৩
(ঘ) শারমিন বেগমের বক্তব্যের যথার্থতা ইসলামের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। জনাব জাহিদ ২০১৭ খৃষ্টাব্দে পূর্ণ এক বছর বত্রিশ লক্ষ টাকার মালিক ছিলেন। বছর শেষে হিসাব-নিকাশ ছাড়াই কিছু টাকা যাকাত হিসেবে স্থানীয় বিদ্যালয় ও রাস্তাঘাট নির্মাণে দান করেন। তার বন্ধু রবিউল সাহেব বলেন- তোমাকে ইসলাম নির্দেশিত খাত সমূহে যাকাত দিতে হবে।
(ক) ইবাদত কাকে বলে? ১
(খ) উশর বলতে কি বোঝায়? ২
(গ) জাহিদ সাহেবের যাকাতের পরিমাণ নির্ণয় কর। ৩
(ঘ) রবিউল সাহেবের বক্তব্য চিহ্নিত করে পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৪

৫। জনাব সালেহ একজন ধনী ব্যক্তি। তিনি একটি বিশেষ ইবাদত পালনের জন্য জিলহজ মাসে কাবা শরিফে যান। জনাব আসিফ উক্ত ইবাদত সর্ম্পকে কথা বলতে গিয়ে বলেন, সমগ্র মুসলিম উম্মাহকে ঐক্যবদ্ধ করার ক্ষেত্রে উক্ত ইবাদত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
(ক)কুরবানি কাকে বলে? ১
(খ) তাওয়াফে কুদুম কী? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব সালেহ সাহেব কোন ইবাদতটি পালন করেছেন? ব্যাখ্যা কর । ৩
(ঘ) জনাব আসিফের বক্তব্যের সাথে তুমি কি একমত? তোমার মতের পক্ষে কুরআন হাদিসের আলোকে যুক্তি উপস্থাপন কর। ৪

৬। অষ্টম শ্রেণির ধর্ম ক্লাসে আখতার স্যার ছাত্রদেরকে একটি ইবাদতের কথা বলেন যা পশু জবাই দ্বারা হয়ে থাকে। অতঃপর তিনি শিক্ষার্থীদেরকে নিয়ে উক্ত ইবাদতের নিয়মাবলি নিয়ে আলোচনা করেন।
(ক) দম কাকে বলে? ১
(খ) তাওয়াফে কুদুম বলতে কী বোঝায়? ২
(গ) আখতার স্যার কোন ইবাদতের প্রতি ইঙ্গিত করেছেন? পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে যে ইবাদতের কথা বলা হয়েছে তা পালনের নিয়মাবলি লেখ। ৪

৭। স্কুলের বার্ষিক মিলাদ মাহফিলে আলোচক ড. কেরামত আলি একটি ইবাদতের কথা বললেন যা সন্তানের সাথে সম্পৃক্ত। এই ইবাদতটি সন্তানের সার্বিক মঙ্গল কামনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। মহানবি (সা.) নিজে এই ইবাদতটি করেছেন এবং এ ব্যাপারে অন্যকে উৎসাহ দিয়েছেন।

(ক) যাকাত কাকে বলে ? ১

(খ) আরাফাত দিবস বলতে কী বোঝায় ? ২

(গ) ড. কেরামত আলির বক্তব্যে কোন ইবাদতের কথা ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকে যে ইবাদতের কথা বলেছেন তা- আদায়ের নিয়মাবলি লেখ । ৪

৮। জনাব আল-আমিন রমজান মাসে সেহেরির পর একটি গ্রন্থ অর্থসহ পড়তেন যা শুনে তার মেয়ে হাফসা অভিভূত হয় । একদিন তিনি তার মেয়েকে বলেন, 'এই গ্রন্থ শুদ্ধভাবে তিলাওয়াতের জন্য সুনির্দিষ্ট বিধিবিধান রয়েছে'।

(ক) "লাওহে মাহফুজ" কী ? ১

(খ) মক্কি ও মাদানি সূরা বলতে কী বোঝায়? ২

(গ) আল-আমীন সাহেব যে গ্রন্থটি পাঠ করতেন তার পরিচয় ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকে শেষোক্ত বাক্যে কোন বিষয়ের ইঙ্গিত করা হয়েছে? শুদ্ধভাবে কুরআন তিলাওয়াতে উহার ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৯। মোসাদ্দেক সাহেব শ্রেণিতে নুন সাকিন ও তানবিনের একটি বিষয় আলোচনা করেন যা গোপন করে পড়তে হয়। অতঃপর রাশিদুল নামের একজন শিক্ষার্থী দেখে দেখে কুরআন তিলাওয়াত সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি তাকে তা বুঝিয়ে দেন।

(ক) তাজবিদ কাকে বলে ? ১

(খ) ইকলাব কখন হয় ? ২

(গ) মোসাদ্দেক সাহেবের বক্তব্যে যে বিষয়টি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

(ঘ) শিক্ষার্থী রাশিদুল যে বিষয়টি জানতে চেয়েছেন তা চিহ্নিত করে পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। ইদুল ফিতরের খুতবায় ইমাম সাহেব একটি সূরা নিয়ে আলোচনা করেন যেখানে পৃথিবী ধ্বংসের কথা বলা হয়েছে। খুতবা শুনে জনাব সাইফুল ইসলাম সূরাটি কবে ও কোথায় নাযিল হয়েছে সে সম্পর্কে জিজ্ঞাসা করলে ইমাম সাহেব তাকে তা বুঝিয়ে দেন।

(ক) কুরআন কাকে বলে ? ১

(খ) আল-কুরআনের অপর নাম ফুরকান কেন? ২

(গ) ইমাম সাহেব খুতবায় যে সূরার আলোচনা করেন তা ব্যাখ্যা কর। ৩

(ঘ) সাইফুল সাহেবের প্রশ্নের উত্তরে ইমাম সাহেব যে সূরার কথা বলেছেন তার শানে নুযুল ও শিক্ষা বিশ্লেষণ কর। ৪

১১। সুমন ও নাইম দুই বন্ধু। সুমন নাইমকে ইসলামের এমন একটি গুণের কথা বলল যা মানব জীবনের সফলতার চাবিকাঠি। নাইম বলল, বর্তমান বিশ্বে মুসলমানদের ভিতর এমন একটি বিষয়ের অভাব আছে যা আমাদেরকে অনৈক্যের দিকে ঠেলে দিচ্ছে।

(ক)আখলাক কাকে বলে ? ১

(খ) 'যে প্রতারণা করে সে আমাদের দলভুক্ত নয়' ব্যাখ্যা কর। ২

(গ) সুমন যে গুণের কথা বলেছে তা চিহ্নিত করে পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

(ঘ) নাইমের আলোচনায় যে বিষয়টি ফুটে উঠেছে তার গুরুত্ব ও যৌক্তিক বিশ্লেষণ কর। ৪